৫৭

দৈনিক খবর

তারিখ ...09 NOV 1989...
পৃষ্ঠা... ১ ...কলাম... ৪...

# মৌলভীবাজারে মাদ্রাসায় শিবিরের হামলা ঃ ২৫ জন ছাত্র আহত

মৌলভীবাজার, ৮ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– আজ এখানে ইসলামী ছাত্র শিবিরের একদল সশস্ত্র কর্মী একটি মাদ্রাসায় হামলা চালিয়ে ২৫ জন ছাত্রকে আহত করেছে এবং ভাংচুর করেছে মাদ্রাসা অধ্যক্ষের কার্যালয় ও ক্লাস রুম। আহতদের মধ্যে ৭ জনের অবস্থা গুরুতর, তাদেরকে মৌলভীবাজার হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীর বিবরণে জানা গেছে, সকাল ১১টার দিকে মৌলভীবাজার টাউন সিনিয়র মাদ্রাসায় ইসলামী ছাত্র শিবিরের কর্মীরা মোটর সাইকেলযোগে ঐ মাদ্রাসায় এসে আকস্মিকভাবে রড, ডেগার, কিরিচ, হকিস্টিক, লাঠিসোটা নিয়ে হামলা চালায়। এ সময় ক্লাস চলছিল। হামলাকারীরা দেশীয় এসব অস্ত্রশস্ত্র ছাড়াও স্বয়ংক্রিয় অস্ত্রশস্ত্রে সজ্জিত ছিল। এসময় সাধারণ ছাত্ররা প্রাণভয়ে ছুটাছুটি করতে থাকে এবং হামলাকারী শিবির কর্মীরা তাদের আহত করে এবং ভাংচুর করে মাদ্রাসা অধ্যক্ষ্যের কার্যালয় ও ক্লাস রুম।

মাদ্রাসা কর্তৃপক্ষ ও প্রত্যক্ষদর্শীদের মতে, হামলাকারী শিবির কর্মীদের আক্রমণের লক্ষ্য ছিল ঐ মাদ্রাসায়

*শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে*

## মৌলভীবাজারে

*প্রথম পৃষ্ঠার পর*

অধ্যয়নরত তালামিজে ইসলাম নামের একটি সংগঠনের কর্মীরা। হামলা ও সন্ত্রাস সৃষ্টির পর শিবির কর্মীরা চলে গেলে থানায় খবর দেয়া হয় এবং মামলা দায়ের করা হয়। পুলিশ পরে এ হামলা ঘটনার উস্কানিদাতা ও নেতৃত্বদানকারী স্থানীয় জামায়াতে ইসলামীর আমীর সিরাজুল ইসলাম মতলিবকে এবং হামলাকারী ৩ জন শিবির কর্মীকে গ্রেফতার করে ও শিবির কার্যালয়ে তল্লাশী চালিয়ে হকিস্টিক, ডেগার, রড ও লাঠিসোটাসহ অন্যান্য অস্ত্রশস্ত্র উদ্ধার করে।